

টিউশন ফি বাড়ানোর পরিপত্র বাতিলের দাবি

■ সমকাল প্রতিবেদক

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য নতুন পে স্কেল কার্যকর করার পরিপ্রেক্ষিতে বেসরকারি স্কুল-কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের মাসিক টিউশন ফি ৩০ শতাংশ বৃদ্ধি করার শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র বাতিলের দাবি জানিয়েছে অভিভাবক ঐক্য ফোরাম। গতকাল মঙ্গলবার মতিঝিলের একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত ফোরামের এক সভায় এ দাবি জানানো হয়। সংগঠনের সভাপতি জিয়াউল কবির দুলু এতে সভাপতিত্ব করেন। সভায় বলা হয়, কয়েকটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের কতিপয় সদস্য শিক্ষার মান উন্নয়ন না করে নানাবিধ খাত সৃষ্টির মাধ্যমে লুটপাট করায় তহবিলে ঘাটতি পড়ে। তাই শিক্ষার্থী-অভিভাবকদের নিষ্কৃতি দিয়ে স্কুল-কলেজগুলোর ছাত্র-শিক্ষক সংখ্যা নির্ণয় এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে নিরীক্ষা করে সরকার কর্তৃক মাসিক টিউশন ফি নির্ধারণ করা সময়ের দাবি।